

রামাযানের দিনে মিছওয়াক করার বিধান কী?

প্রশ্ন:- রামাযানের দিনে মিছওয়াক করার বিধান কী?

উত্তর:- রামাযানে দিনের বেলা মিছওয়াক করা মুছতাহাব্ব। রোযা কিংবা রোযা ব্যতীত উভয় অবস্থায়ই মিছওয়াক করা মুছতাহাব্ব। তাই রোযাদার দিনের যে কোন সময় মিছওয়াক ব্যবহার করতে পারে তাতে কোন অসুবিধা নেই। ছুনানে ইবনে মাজাহ এবং ছুনানে দারু ক্বোত্বনী-তে ‘আয়িশাহ رضي الله عنها বর্ণিত হাদীছ থেকে জানা যায় যে, রোযাদারের সবচেয়ে উত্তম বৈশিষ্ট্য হলো মিছওয়াক করা। যদিও কোন কোন ‘উলামায়ে কিরাম রোযাদারের জন্য সূর্য পশ্চিম দিকে ঢলে পড়ার আগ পর্যন্ত অর্থাৎ দ্বিপ্রহরের পূর্ব পর্যন্ত মিছওয়াক ব্যবহার করা জায়য এবং সূর্য পশ্চিম দিকে ঢলে পড়ার পরে অর্থাৎ দ্বিপ্রহরের পরে মিছওয়াক ব্যবহার করা নাজায়য বলে অভিমত ব্যক্ত করে থাকেন এবং এতদ্বিষয়ে প্রমাণস্বরূপ একটি হাদীছও তারা পেশ করে থাকেন। কিন্তু প্রকৃতপক্ষে এরূপ কোন হাদীছ রাছুলুল্লাহ ﷺ থেকে প্রমাণিত নেই, বরং রোযাদার দিনের যে কোন সময় মিছওয়াক ব্যবহার করতে পারে, একথাই রাছুলুল্লাহ ﷺ থেকে প্রমাণিত রয়েছে। তাই রোযাদার অবস্থায় দিনের বেলা মিছওয়াক করলে তাতে রোযার কোন ক্ষতি হবে না, তবে এক্ষেত্রে অবশ্যই খেয়াল রাখতে হবে, যেন মিছওয়াকের অথবা দাতের কোন ময়লা-আবর্জনা গলার ভিতরে না যায়।

সূত্র:- ফাতাওয়া আশ্শাইখ সালিহ আল ফাওয়ান رحمته الله ।